# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

**স্মারক নং-৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-১২১** **তারিখ:** ২৯ অগ্রহায়ণ ১৪২৮ / ১৪ ডিসেম্বর ২০২১

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২১ খ্রি: মাসের মাসিক সভা আগামী ২৩-১২-২০২১ খ্রি: তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ :কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
২। চেয়ারম্যান ..............................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৩। ..................................................................।

**স্মারক নং-৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-১২১** **তারিখ:** ২৯ অগ্রহায়ণ ১৪২৮ / ১৪ ডিসেম্বর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উসস ডিসেম্বর ২০২১

উপস্থিত উপদেষ্টা মন্ডলী:

১. জনাব মো: জাহিদুর রহমান জাহিদ
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩ ঠাকুরগাঁও-৩
২. জনাব মো: ইকরামুল হক মেয়র, পীরগঞ্জ পৌরসভা
৩. জনাব সুকুমার রায় ভাইস চেয়ারম্যান, উপ: পরি:
৪. জনাব ভারতী রানী রায় মহিলা ভাইস চেয়ারম্যান, উপ: পরি:
৫. জনাব মোসা: আরফিনা পারভীন, সংরক্ষিত মহিলা সদস্য-০১
৬. জনাব মোসা: নুরজাহান, সংরক্ষিত মহিলা সদস্য-০২
৭. জনাব মোসা: খাতিজা, সংরক্ষিত মহিলা সদস্য-০৩
৮. জনাব মোসা: গুলেনুর, সংরক্ষিত মহিলা সদস্য-০৪

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি.
২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি.
৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি.
৪. চেয়ারম্যান, ৪ নং সৈয়দপুর ইউ.পি.
৫. চেয়ারম্যান, ৫ নং পীরগঞ্জ ইউ.পি.
৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি.
৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি.
৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি.
৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি.
১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি.

তারিখ: ২৩-১২-২০২১ ২৬
সময়: ১০-০০টা

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | মো: আরিফুল ইসলাম PIO | |
| ২. | ডা: অমল কুমার রায় ULO | |
| ৩. | রাজেন্দ্র নাথ রায় - UAO | |
| ৪. | মো: খালেদ মোশাররফ - SUFO | ২৩.১২.২১ |
| ৫. | মো: হাবিবুল ইসলাম UEO | |
| ৬. | মো: নজরুল ইসলাম শাহ - UCF | |
| ৭. | মো: শামসুল আলম সহ: প্রকৌ: BMDA | |
| ৮. | মো: মেহেদী হাসান - SAE, DPHE | |
| ৯. | মো: সাইদ সুলতান (ইউ. আই) | |
| ১০. | মো: অলিয়ুল্লাহ USEO | |
| ১১. | মো: মোর্তজা আলম, UDO, BRDB | |
| ১২. | মো: কাইয়ুম আলী FPI উপজেলা প.প. অফিস | |
| ১৩. | মো: জুলফিকার আলী UYDO | |
| ১৪. | মো: তরীকুল ইসলাম USSO | |
| ১৫ | মো: আসাদুজ্জামান আলী উপজেলা বন কর্মকর্তা | |
| ১৬/ | পুলিন চন্দ্র রায় ইউ-এস-ও | |
| ১৭/ | মো: আহমেদ হোসেন উপজেলা সমবায় অফিসার | |
| ১৮/ | মো: নাসিম আখতার উপজেলা প্রকৌশলী | |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর ডিসেম্বর, ২০২১ মাসের সভার কার্যবিবরণী:

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ২৩-১২-২০২১ খ্রিঃ
**সময়** ঃ সকাল ১০:০০ টা।
**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তয়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৪৯,৭০৭ জন, (২) মোট গ্রহণকারী- ৩৮,৮৫৫ জন, (৩) খাবার বড়ি - ৫,০১৪ (৪) কনডম- ৫,৭৩৮ (৫) ইনজেকটেবল (ভায়াল)- ১,০৩৬ (৬) আইইউডি- ২৫ (৭) ইমপ্ল্যানন- ৭৯ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০১ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০৫ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৫,৮২৯ জন (১১) ইসিপি- ৩২ (১২) মিসোপ্রোস্টল- ৪৩৪ (১৩) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.১৭% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | ১) গুচ্ছগ্রাম ও আবাসনসমূহে বেশী বেশী উঠান বৈঠকের আয়োজন করতে হবে।<br>২) স্থায়ী পদ্ধতি গ্রহণে সংশ্লিষ্টদের উৎসাহিত করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ।<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, মাঠে দন্ডায়মান গম,ভূট্টা, শরিষা, পিঁয়াজ, মশুর ডাল ও মরিচ ফসলসমূহের অবস্থা সন্তোষজনক পর্যায়ে রয়েছে। এ বছর রবি মৌসুমে বোরো ও ভূট্টার আবাদ গত বছরের তুলনায় বেশি হবে মর্মে তিনি জানান। ইতিমধ্যে রবি মৌসুমের আলু এবং রবি শাকসব্জী কর্তণ শুরু হয়েছে। প্রাথমিকভাবে দুটি ফসলের ফলন সন্তোষজনক।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় ২০২১-২২ খ্রি: অর্থ বছরে বিভিন্ন প্রকল্পের কর্মকান্ড বাস্তবায়ন শুরু হয়েছে। যথা সময়ে সকল কর্মকান্ড শেষ হবে মর্মে জানান। মাঠ পর্যায়ে সার, বীজ, কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নাই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে। | সার, বীজ, জ্বালানি তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ৪,০৮৩ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ২৫,৭৯১ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ৪৮০ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ২৭,৫০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,২৩৪ টি<br>৬। প্রশিক্ষণ = ০০<br>৭। উঠান বৈঠক = ৫ টি<br>৮। উঠান বৈঠক অংশগ্রহন কারীর সংখ্যা = ৬২ জন<br>৯। খামার/ফিডমিল/হ্যাচারী পরিদর্শন = ১০ টি<br>১০। দুধ উৎপাদন = ২,৩৩৩ মেঃ টনঃ<br>১১। মাংস উৎপাদন = ১,৮৩৩ মেঃ টনঃ<br>১২। ডিম উৎপাদন = ৫০,০০,০০০ টি। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ডিসেম্বর/২০২১ মাসে ১৬ জন মৎস্য চাষিকে আধুনিক মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৩ জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে রাজস্ব খাতের আওতায় ৪০জন মৎস্য চাষিকে মাছের স্বাস্থ্য ব্যবস্থাপনা ও দেশীয় প্রজাতির ছোট মাছ চাষ ব্যবস্থাপনার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়। নিরাপদ মৎস্য উৎপাদনে পীরগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের চাষ পুকুরে মুরগির বিষ্ঠা (লিটার) প্রয়োগ রোধে কার্যকরী পদক্ষেপ নিতে উপজেলা প্রশাসনকে অনুরোধ করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস যথাযথ মর্যাদায় পালন করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানকে পত্র প্রেরণ করা হয়েছে। ২০২২ খ্রিঃ সালের নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, এবতেদায়ী ও দাখিল স্তরের প্রাপ্ত পাঠ্যপুস্তক প্রতিষ্ঠানের মাঝে বিতরণ চলমান রয়েছে। মাধ্যমিক ও দাখিলস্তরের ইংরেজী বিষয়ের শিক্ষকদের প্রশিক্ষণ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে ১২-০৯-২০২১ খ্রি. তারিখ হতে বিদ্যালয় চালু হয়েছে। প্রতিদিন দুইটি করে ক্লাস চলমান রয়েছে। গুগল মিটের মাধ্যমে ক্লাস পরিচালনার যে নির্দেশনা ছিল তা অব্যাহত আছে। এছাড়াও পাঠ-পরিকল্পনা অনুযায়ী শিশুদের বাড়ির কাজ দেওয়া হচ্ছে। শিশুরা বাড়ির কাজ সম্পন্ন করলে শিক্ষকগণ মূল্যায়ন করতঃ শিক্ষার্থীর প্রোফাইলে সংরক্ষণ করছেন।<br>করোনা কালীন সময়েও বিভিন্ন কার্যক্রমে বিদ্যালয়ের মনিটরিং ব্যবস্থা চালু আছে। বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যবিষয়ক কর্ণার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ইহা ছাড়াও বিদ্যালয়ের পরিবেশ পরিচ্ছন্ন রাখার উপর যথেষ্ট গুরুত্ব দিয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মগ,জগ, বালতি, ইনফ্রায়েড থার্মোমিটার, সাবান, ব্লিচিং পাউডার, হ্যান্ড স্যানিটাইজার, টিস্যু ইত্যাদি ক্রয় করার জন্য বলা হয়েছে।<br>২০২২ শিক্ষা বর্ষের জন্য ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত সকল বই পাওয়া গেছে। প্রাক প্রাথমকি এর জন্য শুধু খাতা পাওয়া গেছে, বই পাওয়া যায়নি। সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বই দেওয়া হয়েছে। কেজি স্কুল কে দেওয়া হয় নাই। খুব তাড়াতাড়ি দেওয়া হবে। পরিশেষে তিনি বলেন বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৮ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, নব নির্বাচিত বয়স্ক, বিধবা ও অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ভোগীদের মোবাইল নম্বরগুলি বিকাশ আছে কিনা, সে বিষয়ে সরেজমিনে যাচাই করা হবে। যাচাই এর নিমিত্ত তিনি ইউনিয়নসমূহের নির্ধারিত তারিখ পড়ে শোনান। ইউনিয়ন চেয়ারম্যানগণকে বিষয়টি প্রচারের জন্য মাইকিং করার জন্য অনুরোধ জানান। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৯ | পুলিশ বিভাগ | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ । |
| ১০ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় খাদ্যশস্যের মজুদ সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জঃ**<br>চাল ৪৩২৭.০১৭ মে:টন ও খালি বস্তা ৮৫,০১০ খানা।<br>**ভোমরাদহঃ**<br>চাল ৬৭৭.৯৬৪ মে:টন, গম ৩৫২.০৭০ মে:টন, ধান ৪২.০০০ মে:টন ও খালি বস্তা ১৪,২৭৩ খানা।<br>এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১ | উপজেলা ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২২ খ্রি: অর্থ বছরে টি আর/কাবিখা নির্বাচনী এলাকা ভিত্তিক ১ম পর্যায় তালিকা চূড়ান্ত অনুমোদনের জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। অনুমোদন সাপেক্ষে কার্যক্রম শুরু হবে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১২ | উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৩ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগের উপ: সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত প্রায় ৩৫ টি স্কুলে ওয়াস ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ০৫ টির কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য অশ্রয়ণ প্রকল্পে ৩৫ টি পানির উৎস বরাদ্দ পাওয়া গেছে। এসব উৎস স্থাপনের স্থান তালিকা পাওয়া গেছে এবং স্থাপন কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপ-সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা ১৩০ টি। ইতোমধ্যে ২০২০-২০২১ খ্রিঃ অর্থ বছরের বার্ষিক অডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি । বিগত মাসে ৪২ টি বর্তমান মাসে ১৬ টি মোট ৫৮ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকি কার্যক্রম নিয়মিত করা হচ্ছে। প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলি ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ১৬ টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে।<br>উপজেলার বর্তমান বৎসরে ২৮ টি সমবায় সমিতির নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে অডিট ফি রাজস্ব ৬৮,৬৮০/- টাকা এবং সরকারি ভ্যাট ১০,৫০২/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৮৩,৬৫০/- টাকা ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান, জনগাঁও | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ। |

<table>
<tr><td></td><td></td><td>আশ্রয়ণ প্রকল্প ফেইজ- ২ প্রকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত ১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ আকারে বিতরণ করা হয়েছে। ক্রমপুঞ্জিভূত মোট আদায়ের পরিমাণ ৯,৭৮,২১০/- টাকা, সার্ভিস চার্জ ৭৮,৩৯০/-। আদায়ের শতকরা হার ৬৫%। তিনি বলেন, অনাদায়ী টাকা আদায়ের জোর প্রচেষ্টা চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৫</td><td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আদায়ের হার ১০০%। চলতি অর্থ বছরের আদায় ১৫,২৭,৭১৫/-, ক্রমপুঞ্জিত আদায় ১৫,১২,৯৭,৮৩৮/-, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ১৫,১২,৯৭,৮৩৮/-, চলতি অর্থ বছরে ঋনির সংখ্যা ৫৫ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৫,৭৭,৯৩,৫০০/-, ক্রমপুঞ্জিত ঋনির সংখ্যা ২৯,৩৬৩ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত ৬,৭৯৩ জন, চলতি অর্থ বছরে আত্নকর্মী ২৭ জন, ক্রমপুঞ্জিত আত্নকর্মী ৪,৬৪৩ জন। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>১। ০১ (এক) টি অস্থায়ী ফসলের হিসাব নিরূপন।<br>২। ০১ (এক) টি স্থায়ী ফসলের হিসাব নিরূপন।<br>৩। আমন ফসলের আনুমানিক হিসাবের তথ্য সংগ্রহ।<br>৪। আমন ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ ০২ জন কৃষকের সাক্ষাৎকারের ভিত্তিতে।<br>৫। মাসিক কৃষি মজুরীর তথ্য সংগ্রহ ১০ জন কৃষক অথবা দিন মজুরের সাক্ষাৎকারের ভিত্তিতে।<br>৬। গম, আলু ফসলের পূর্বভাস জরিপ।<br>এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভুত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভুত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভুত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৮.৮৪</td><td>৭.৬৭</td><td>১১৪.৪৯</td><td>১২৭.১৮</td><td>৮৪%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৪০.৪০</td><td>.১২</td><td>২৭.৪৫</td><td>২৮.৬০</td><td>৯৫%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>৩.৭৫</td><td>.২৩</td><td>১০.৬৬</td><td>১৪.৩৮</td><td>৭২%</td><td>৭১</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.০০</td><td>৩.৭৫</td><td>৮০%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২০৩</td><td>৮.০২</td><td>১৫৫.৬৮</td><td>১৭৩.৯১</td><td>৮৭%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮ | **উপজেলা বন বিভাগ** | উপজেলা বিট বন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **এসএফপিসি, পীরগঞ্জ।** |
| ১৯ | **উপজেলা বরেন্দ্র বিভাগ** | উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, ২৪২ টি সেচ যন্ত্রের মধ্যে সবগুলিই বর্তমানে সচল রয়েছে। কৃষক তাদের প্রয়োজন অনুযায়ী সেচ গ্রহণ করতে পারবে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২০ | **উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২১ | **উপজেলা নির্বাচন বিভাগ** | উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ২২ | **পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ** | ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।** |
| ২৩ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ** | ইউডিএফ সভায় জানান যে, সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | সক্ষমতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা নির্বাহী অফিসার/দপ্তর প্রধান/ উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর** |
| ২৪ | **উপজেলা প্রকৌশলী বিভাগ** | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরের ২য় কিস্তি পর্যন্ত এডিপি/রাজস্ব টেন্ডারের কার্যক্রম শেষ হয়েছে এবং ঠিকাদার নির্বাচন সম্পন্ন হয়েছে। কার্যক্রম চলমান রযেছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।** |

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২১-১২৩(৫০)

তারিখ: ০৮ পৌষ ১৪২৮ / ২৩ ডিসেম্বর ২০২১

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা.................................................... (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,........................................... (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,.......................................................।

২৩/১২/২০২১

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার কার্যবিবরণী/উসস ডিসেম্বর ২০২১ খ্রিঃ